অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/12/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঝড়ের সিস্টেমের আগে সতর্কতা অবলম্বন করার অনুরোধ জানিয়েছেন যা রাজ্য জুড়ে বন্যা এবং বিদ্যুতের ঘাটতির কারণ হতে পারে।

দমকা বাতাস পশ্চিম নিউ ইয়র্ক এবং ফিঙ্গার হ্রদ এলাকায় 70 মাইল প্রতি ঘণ্টা গতিবেগ অতিক্রম করতে পারে; রাজ্যের বাকি এলাকাতে 20-30 মাইল প্রতি ঘণ্টা থেকে 55 মাইল প্রতি ঘণ্টা গতিবেগে দমকা বাতাস চলবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ পশ্চিম নিউ ইয়র্ক এবং ফিঙ্গার লেক অঞ্চলে একটি আসন্ন ঝড়ের ব্যবস্থার বিরুদ্ধে সতর্কতা অবলম্বন করার জন্য নিউ ইয়র্কবাসীদের অনুরোধ করেছেন যা রবিবার রাত থেকে শুরু হওয়া উচ্চ বাতাস ও বৃষ্টি নিয়ে আসবে বলে আশা করা হয়, যার ফলে সম্ভাব্য বন্যা এবং ব্যাপকভাবে বিদ্যুত সংযোগ বিচ্ছিন্ন হতে পারে বলে মনে করা হয়।

রাজ্যের কেন্দ্রীয় এবং পশ্চিম অংশগুলিতে 70 মাইল প্রতি ঘন্টার অতিক্রম করা গতিবেগে দমকা বাতাস বইবে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে, অন্যান্য এলাকায় 20-30 মাইল প্রতি ঘণ্টা থেকে 55 মাইল প্রতি ঘন্টা গতিবেগে দমকা বাতাস চলবে যার মধ্যে আছে রাজধানী অঞ্চল, লোয়ার হাডসন, নিউ ইয়র্ক শহর এবং লং আইল্যান্ডের উপকূলীয় এলাকাগুলি। নিউ ইয়র্কবাসীদের স্থানীয় আবহাওয়া রিপোর্টের প্রতি মনোযোগ দিতে হবে এবং তাদের পরিবার যাতে সুরক্ষিত থাকে সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।

"এই ঝড় নিউ ইয়র্কের বেশীর ভাগ জুড়ে ব্যাপকভাবে বিদ্যুত সংযোগ বিচ্ছিন্নকরবে এমন সম্ভাবনা আছে, এবং আমি আমাদের স্থানীয় অংশীদারদের সাহায্য করার জন্য আমাদের রাজ্যের জরুরী প্রতিক্রিয়ার সংস্থানগুলিকে প্রস্তুত করার নির্দেশ দিয়েছি যদি তার প্রয়োজন হয়," **গভর্নর কুওমো বলেন।** "রাজ্য জুড়ে নিউ ইয়র্কবাসীরা COVID-19 মহামারির সময় বাড়িতে থাকার জন্য আমাদের নির্দেশিকা মেনে চলছেন, কিন্তু এই ঝড় সেই ডাক সব থেকে বেশি জরুরি করে তোলে।"

সোমবার রাজ্যের বেশির ভাগ এলাকাই দিন শুরু করবে বৃষ্টি ও ঝড়ো হাওয়ার সঙ্গে উচ্চ পঞ্চাশ থেকে শুরু করে 70 এর ঘরের মধ্যে তাপমাত্রা সহ। সাধারণত দক্ষিণ থেকে ঘন্টায় 15 থেকে 30 মাইল বেগে ঝড়ো হাওয়া বয়ে যাবে, যা লং আইল্যান্ড ও নিউ ইয়র্ক শহর অঞ্চলে এলাকায় 45 মাইল প্রতি ঘন্টা হবে এবং 70 মাইল প্রতি ঘন্টা বা তার বেশি বেগে ফিঙ্গার লেকস এবং পশ্চিম

নিউ ইয়র্ক এলাকায় বইবে। বৃষ্টিপাতের পরিমাণ সাধারণত দেড় ইঞ্চির কম হবে রাজ্য ব্যাপী, নিউ ইয়র্ক সিটি ও লং আইল্যান্ড অঞ্চলে দুই ইঞ্চি পর্যন্ত হওয়া সম্ভব।

সোমবার থেকে উচ্চ বাতাসের সতর্কতা কার্যকর করা হচ্ছে, পশ্চিম নিউ ইয়র্কের অনেকখানি এলাকায় এবং জেফারসন কাউন্টি সহ লেক অন্টারিওর পূর্বে, যেখানে কিছু জায়গায় দমকা বাতাসের গতিবেগ 70 মাইল অতিক্রম করবে। লেক এরি এবং লেক অন্টারিওর জুড়ে এলাকাগুলিতেও লেকশোর ফ্লাড সতর্কতা জারি করা হয়েছে। রাজ্যের বাকি অংশের জন্য উচ্চ বাতাসের নজরদারী জারি করা হয়েছে। আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কীকরণ, উপদেশ এবং সর্বশেষ পূর্বাভাসের সব খবরাখবরের জন্য, ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service)-এর ওয়েবসাইট পরিদর্শন করুন।

এজেন্সির প্রস্তুতি

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation)

পরিবহণ দপ্তরের (Department of Transportation) তরফে 3,773 সুপারভাইজার ও অপারেটর উপলভ্য আছে রাজ্য জুড়ে এর প্রতি প্রতিক্রিয়ার জন্য। সব চেয়ে ক্ষতিগ্রস্ত অঞ্চলে কর্মীর মোতায়েন নিম্নরূপ হবে:

- ফিঙ্গার লেকস: 319 জন সুপারভাইজার ও অপারেটর
- পশ্চিম নিউ ইয়র্কঃ 564 জন সুপারভাইজার ও অপারেটর
- নর্থ কান্ট্রি: 430 জন সুপারভাইজার ও অপারেটর

প্লাউ, ড্রেনেজ, চিপার, লোড অ্যান্ড হল, এবং কাট ও টস সহ যে কোন ধরনের রেসপন্স ক্রু এর জন্য কর্মীদের কনফিগার করা যাবে। অপারেটর, যন্ত্রপাতি, মেকানিক্স, ট্রাফিক সিগন্যাল প্রযুক্তিবিদ সহ সংস্থান স্থাপনার প্রয়োজনীয়তা সারা দুর্যোগ জুড়ে অনবরত পুনঃমূল্যায়ন করা হবে। প্রভাবিত অঞ্চলগুলি সব প্রতিক্রিয়া সংক্রান্ত ক্রিয়াকলাপের জন্য উপযুক্ত সামাজিক দূরত্বের কৌশল নিয়োগ করবে।

আঞ্চলিক কর্মীরা বর্তমানে বাতাসের প্রতিক্রিয়ার প্রস্তুতির কাজে নিয়োজিত আছেন নিম্নরুপে:

- বাতাসের প্রতিক্রিয়ার সরঞ্জাম, জেনারেটর, চেইনসো, লাইট প্লান্ট, হ্যান্ড টুলস এবং চিপার্স সহ তাৎক্ষণিকভাবে পাঠানোর জন্য প্রস্তুত এবং রেসপন্স ট্রাকে লোড করা হচ্ছে।
- সাধারণ অবস্থার সচেতনতা বজায় রাখতে রুটিন টহলদারী পরিচালনা করা হচ্ছে।
- যদিও এই ঘটনার জন্য বন্যার প্রতিক্রিয়ার কার্যক্রম প্রত্যাশিত নয়, তাও যথাযথ বন্যার প্রস্তুতির কার্যক্রম সম্পাদন করা হচ্ছে। এসব ক্রিয়াকলাপের মধ্যে রয়েছে ড্রেনেজ ইনলেট, কালভার্ট ও অন্যান্য ড্রেনেজ কাঠামোর পরিদর্শন - ও কোনো সঞ্চিত ধ্বংসাবশেষ সেগুলি থেকে পরিষ্কার করা।

বৃষ্টি/বন্যা পরিস্থিতি মোকাবেলার সরঞ্জাম মোতায়েনের জন্য প্রস্তুত। সব ক্ষতিগ্রস্ত রেসিডেন্সি এলাকায় অগ্রাধিকারযুক্ত প্রতিক্রিয়ার অপারেশনের সময়কাল জুড়ে 24/7 অপারেশন জন্য কর্মী মোতায়েন করা হবে। রেসপন্স সরঞ্জাম কর্মক্ষম রাখতে মেকানিক সাপোর্ট রাখা হবে 24/7।

স্টেটব্যাপী সরঞ্জামের সংখ্যাগুলো নিম্নরূপ:

- 1587 বড় ডাম্প ট্রাক (ফিঙ্গার লেকস: 125, পশ্চিম নিউ ইয়র্কে: 213, নর্থ কান্ট্রিতে: 161)
- 48 লোডার্স গ্র্যাপেল সহ (ফিঙ্গার লেকসে: 7, পশ্চিম নিউ ইয়র্কে: 6, নর্থ কান্ট্রিতে: 7)
- 278 লোডার্স (ফিঙ্গার লেকসে: 21, পশ্চিম নিউ ইয়র্কে: 39, নর্থ কান্ট্রিতে: 38)
- 15 ভ্যাক ট্রাক সিউয়ার জেট সহ (ফিঙ্গার লেকসে: 1, পশ্চিম নিউ ইয়র্কে: 2, নর্থ কান্ট্রিতে: 1)
- 31 ট্র্যাক করা খননযন্ত্র (ফিঙ্গার লেকসে: 4, পশ্চিম নিউ ইয়র্কে: 3, নর্থ কান্ট্রিতে: 3)
- 47 চাকাযুক্ত খননযন্ত্র (ফিঙ্গার লেকসে: 5, পশ্চিম নিউ ইয়র্কে: 4, নর্থ কান্ট্রিতে: 5)
- 62 ট্র্যাক্টর ট্রেইলার লোবয় ট্রেলার সহ (ফিঙ্গার লেকসে: 7, পশ্চিম নিউ ইয়র্কে: 6, নর্থ কান্ট্রিতে: 9)
- 15টি ট্রি ক্রু বাকেট ট্রাক (ফিঙ্গার লেকসে: 1, পশ্চিম নিউ ইয়র্কে: 1, নর্থ কান্ট্রিতে: 2)
- 39 ট্রাফিক সিগন্যাল ট্রাক (ফিঙ্গার লেকসে: 4, পশ্চিম নিউ ইয়র্কে: 7, নর্থ কান্ট্রিতে: 2)
- 78 চিপার্স 10" (সর্বনিম্ন) ক্যাপাসিটি (ফিঙ্গার লেকসে: 8, পশ্চিম নিউ ইয়র্কে: 7, নর্থ কান্ট্রিতে: 8)

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)
থ্রুওয়ে অথোরিটির কর্মীরা সক্রিয়ভাবে সড়ক পর্যবেক্ষণ করছেন। পরিবর্তনশীল বার্তার সাইন, হাইওয়ে অ্যাডভাইজরি রেডিও এবং সোশাল মিডিয়া ব্যবহার করা হচ্ছে থ্রুওয়েতে গাড়ি চালকদের আবহাওয়া সম্পর্কে সতর্ক করার জন্য। থ্রুওয়ে অথোরিটি গাড়ি চালকদের উৎসাহিত করছে তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে যা আইফোন এবং অ্যান্ড্রয়েড ডিভাইসে বিনামূল্যে উপলব্ধ। অ্যাপটি মোটরযান চালকদের প্রকৃত-সময়ে ট্রাফিক এবং দিক-নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটর চালকরা ট্রান্সঅ্যালার্ট ইমেইলের জন্য সাইন আপ করতে পারেন যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতির তথ্য প্রদান করে এখানে।

জনসেবা অধিদপ্তর (Department of Public Service)

নিউ ইয়র্ক স্টেট জুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, পরিস্থিতি মোকাবেলা ও পুনরুদ্ধারের উদ্দেশ্যে নিয়োজিত করার জন্য নিউ ইয়র্ক ইউটিলিটির বর্তমানে প্রায় 4,500 জন শ্রমিক রয়েছে। জন পরিষেবা বিভাগের কর্মীরা ঝড়ের পুরো ঘটনা জুড়ে ইউটিলিটির কাজগুলি পর্যবেক্ষণ করবে এবং ইউটিলিটিগুলি উপযুক্ত কর্মীদের দ্বারা সর্বাধিক প্রভাব অনুভূত অঞ্চলে স্থানান্তরিত হচ্ছে তা নিশ্চিত করবে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC)

পরিবেশ সংরক্ষণ বিভাগের পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ব্যবস্থাপনার কর্মী এবং আঞ্চলিক কর্মীদের সতর্ক করা হয়েছে এবং ক্রমবর্ধমান পরিস্থিতির পর্যবেক্ষণ করছেন এবং উচ্চ বাতাস সহ, গুরুতর আবহাওয়ায় আক্রান্ত হতে পারে এমন এলাকা ও পরিকাঠামোগুলোকে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। 13টি করাত ক্রু দল সহ সমস্ত উপলব্ধ প্রয়োজনীয় জিনিসপত্র গাছ পরিষ্কার এবং পরিস্থিতি মোকাবেলার প্রয়োজনে সহায়তা করার জন্য কৌশলগতভাবে স্থাপন করা হয়েছে। তাছাড়াও, সকল উপলভ্য সংস্থান যে কোনো জরুরি পরিস্থিতির মোকাবেলায় সহায়তা করতে প্রস্তুত রয়েছে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)

পার্ক, মনোরঞ্জন এবং ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation), পুলিশ ও পার্কের কর্মীরা সতর্ক আছেন এবং আবহাওয়া পরিস্থিতি ও তার প্রভাব নিকটভাবে পর্যবেক্ষণ করছেন। পার্কের দর্শনার্থীদের parks.ny.gov দেখা উচিৎ অথবা পার্কের সময়সূচী, খোলা ও বন্ধের সময়ের সর্বশেষ তথ্য জানতে আগে কল করা উচিৎ।

স্টেট পুলিশ

স্টেট পুলিশের বিভাগ (Division of State Police) প্রয়োজন অনুসারে মোতায়েনের জন্য সংস্থান প্রস্তুত রেখেছে যার মধ্যে আছে সকল 4x4, উচ্চ-এক্সেল সম্পন্ন যানবাহন এবং নৌকা। ট্রুপারদের উচ্চ সতর্কতায় থাকতে বলা হয়েছে এবং সমস্যার পরিস্থিতির উপর নিকটভাবে নজর রাখতে বলা হয়েছে টহলদারীর সময়।

<u>নিরাপত্তা পরামর্শ</u>

প্রবল বৃষ্টিপাত হওয়ার সময়েই রাস্তায় বের হলে, অনুগ্রহ করে সাবধানে গাড়ি চালান এবং এই বিষয়গুলি মাথায় রাখুন:

- বন্যা বিধ্বস্ত রাস্তা দিয়ে গাড়ি চালিয়ে যাওয়ার চেষ্টা করবেন না। গাড়ি ঘোরান এবং অন্য রাস্তা দিয়ে যান।
- দ্রুত গতিতে বয়ে চলা পানির ধ্বংসাত্মক ক্ষমতাকে অবহেলা করবেন না। দ্রুত গতিতে বয়ে চলা দুই ফুট উচ্চতার পানি কিন্তু আপনার গাড়িকে ভাসিয়ে নিয়ে চলে

যাবে। প্রতি ঘন্টায় দুই মাইল বেগে বয়ে চলা জল একটা রাস্তা বা সেতু থেকে গাড়ি ভাসিয়ে নিয়ে যেতে পারে।

- বন্যা বিধ্বস্ত রাস্তায় যাতে আটকা পড়তে না হয় সে জন্য সময়ের আগেই বের হোন।
- প্রস্তাবিত রাস্তা অনুসরণ করুন। বন্যা বিধ্বস্ত অঞ্চলগুলি দেখতে ইমার্জেন্সি ডিট্যুর উপেক্ষা করবেন না।
- যাতায়াত করার সময়ে, সাম্প্রতিক খবরে নজর রাখতে NOAA ওয়েদার রেডিও এবং লোকাল রেডিও ব্রডকাস্টে মনযোগ রাখুন।
- ধুয়ে-যাওয়া রাস্তা, আর্থ-স্লাইডস, পানি ধ্বস বা নর্দমার নল, আলগা বা পানি ডুবে থাকা বৈদ্যুতিক তার এবং পড়ন্ত বা পতিত বস্তুগুলোর জন্য নজর রাখুন।
- যেসব জায়গায় নদী বা জলপ্রবাহ হঠাৎ বৃদ্ধি পেয়ে বন্যা আনতে পারে, যেমন হাইওয়ের গর্ত, সেতু ও নিচু এলাকা, সেখানে লক্ষ্য রাখুন।
- যদি আপনি আপনার গাড়ির ভিতরে থাকেন আর আপনার চারপাশে জল দ্রুতবেগে বাড়তে থাকে, তাহলে অবিলম্বে গাড়ি ছেড়ে চলে যান।

বন্যা এবং গুরুতর আবহাওয়ার জন্য প্রস্তুত হন:

- আপনি যেখানে বসবাস করেন সেখানের কাউন্টি এবং নিকটবর্তী শহরগুলির নাম জানুন। গুরুতর আবহাওয়া সতর্কতা একটি কাউন্টির ভিত্তিতে জারি করা হয়।
- আপনার বাড়ির বা ব্যবসার থেকে নিরাপদ রুটটি শিখুন, যদি নিরাপদ স্থলে আপনার তাড়াতাড়ি চলে যেতে হয়।
- একটি 'পরিবার পালাবার' পরিকল্পনা গঠন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে একটি দেখা করার স্থান সনাক্ত করে রাখুন।
- আসবাব, পোশাক এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তি সহ সমস্ত মূল্যবান জিনিসগুলির একটি আইটেমকৃত তালিকা তৈরি করুন। একটি নিরাপদ স্থানে তালিকাটি রাখুন।
- ক্যান এর খাবার, ঔষধ এবং ফার্স্ট এইড সরবরাহ ও পানীয় জলের জরুরি সরবরাহ স্টকপাইল করুন। পরিষ্কার, বন্ধ পাত্রে পানীয় জল সংরক্ষণ করুন।
- আপনার পোষা প্রাণী নিয়ে কী করবেন পরিকল্পনা করে রাখুন।
- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং উপলভ্য জরুরি রান্না সরঞ্জাম রাখুন।
- আপনার অটোমোবাইলে পর্যাপ্ত জ্বালানী রাখুন। যদি বিদ্যুৎ শক্তি বন্ধ হয়ে যায়, তবে গ্যাসোলিন স্টেশন কয়েক দিনের জন্য জ্বালানী পাম্প করতে পারবে না। আপনার গাড়ির ট্রাঙ্কে একটি ছোট দুর্যোগ সরবরাহ কিট রাখুন।
- আপনার সম্পত্তি কত উপরে এবং বন্যা স্তরের কত ফুট নিচে জেনে নিন। পূর্বাভাসকৃত বন্যার মাত্রা যখন সম্প্রচার করা হয়, আপনার জায়গায় বন্যা হতে পারে কিনা তা নির্ধারণ করতে পারেন।
- স্যান্ডব্যাগ, প্লাইউড, প্লাস্টিকের শিট এবং কাঠের মতো উপকরণকে জরুরি জল-নিরোধক হিসেবে ব্যবহার করার জন্য হাতের কাছে রাখুন।

- হাতে দুর্যোগ সরবরাহ রাখুন, এগুলো সহ:
- টর্চলাইট এবং অতিরিক্ত ব্যাটারি
- ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি
- ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল
- জরুরি খাদ্য এবং জল
- অ বৈদ্যুতিক ক্যান ওপেনার
- অপরিহার্য ওষুধ
- চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, এটিএম কার্ড

বিদ্যুৎ চলে গেলে, নিউ ইয়র্কের অধিবাসীদের উচিত:

- বিদ্যুৎ-চালিত গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি ও অন্যান্য উপকরণ বন্ধ করে রাখুন বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দিন, যেমন- কম্পিউটার, কারণ বিদ্যুৎ সরবরাহ সাময়িক বেড়ে গেলে তা আপনার যন্ত্রকে নষ্ট করে দিতে পারে। একটি বাতির সুইচ চালু করে রাখুন যাতে বিদ্যুৎ ফিরে আসলে আপনি জানতে পারেন। যখনই বৈদ্যুতিক উপকরণ ব্যবহার করবেন, বিদ্যুৎ সার্জ প্রটেক্টর ব্যবহার করুন।
- বিদ্যুৎ চলে গেলে সেবা সংস্থাকে ফোন করুন এবং অফিসিয়াল তথ্যের জন্য স্থানীয় বেতার সম্প্রচার শুনুন। নিউ ইয়র্ক স্টেটে-র ইউটিনিলিটি তালিকার জন্য নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস (New York State Department of Public Service)-এর ওয়েবসাইট পরিদর্শন করুন আপনার প্রতিবেশীর বিদ্যুৎ রয়েছে কিনা তা জানতে পরীক্ষা করুন। যোগাযোগ সহায়তা ও ফাংশনাল সহায়তা প্রয়োজন এমন ব্যক্তিদের খোঁজ নিন।
- জরুরি আলো জ্বালানোর জন্য কেবল ফ্ল্যাশলাইট ব্যবহার করুন – মোমবাতি থেকে আগুন লাগার ঝুঁকি রয়েছে।
- রেফ্রিজারেটর ও ফ্রিজারের দরজা বন্ধ রাখুন – রেফ্রিজারেশন প্রয়োজন এমন বেশিরভাগ খাবার রেফ্রিজারেটরের দরজা বন্ধ অবস্থায় কয়েক ঘন্টা নিরাপদ থাকে। দরজা বন্ধ অবস্থায় রেফ্রিজারেটর কমপক্ষে চার (4) ঘন্টা খাবার ঠাণ্ডা রাখে। একটি পূর্ণাঙ্গ ফ্রিজার প্রায় 48 ঘন্টার জন্য তাপমাত্রা ধরে রাখবে।
- ঘর গরম করার জন্য কয়লার গ্রিল ইনডোর এবং গ্যাস স্টোভ ব্যবহার করবেন না – এগুলো থেকে ক্ষতিকর মাত্রার কার্বন মনোঅক্সাইড ছড়াতে পারে।
- ঠাণ্ডা আবহাওয়ায়, কয়েক স্তরের জামা পরে এবং বাইরে কম সময় কাটানোর মাধ্যমে উষ্ণ থাকুন। ঠাণ্ডা-বাহিত বিভিন্ন উপসর্গ (যেমন, হাইপোথার্মিয়া) সম্পর্কে সচেতন থাকুন এবং এ ধরনের কোনো উপসর্গ দেখা গেলে ডাক্তার দেখান।
- আপনি কোনো উঁচু ভবনে থাকলে, সিড়ি বেয়ে ভবনের সবচেয়ে নিচের তলায় নেমে যান। এলিভেটরে আটকে গেলে, সহায়তার জন্য অপেক্ষা করুন। জোর করে দরজা খোলার চেষ্টা করবেন না। ধৈর্য ধরুন – এলিভেটরে প্রচুর বাতাস থাকে এবং এর ভেতরটা ব্যবহারকারির নিরাপত্তার কথা মাথায় রেখে তৈরি।
- আপনার পোষা প্রাণীকে সতেজ, ঠাণ্ডা পানি খাওয়াতে ভুলবেন না।

- অপ্রয়োজনীয় ভ্রমণ বাতিল করুন, বিশেষ করে গাড়িতে চড়ে। বিদ্যুৎ চলে গেলে ট্রাফিক বাতি কাজ করবে না, ফলে রাস্তায় জ্যাম লেগে যেতে পারে এবং গাড়ি চলাচলে বিপজ্জনক পরিস্থিতি তৈরি হতে পারে। লোডশেডিং অবস্থায় আপনাকে যদি গাড়ি চালাতেই হয়, তাহলে ট্রাফিক সিগনাল অকেজো থাকা সংযোগ সড়কগুলোতে 4-মুখী থামার নিয়মটি মেনে চলবেন।
- মনে রাখবেন যে ব্যাংকের এটিএম (ATMs) মেশিন ও এলিভেটর কাজ নাও করতে পারে।

আরো নিরাপত্তা সংক্রান্ত পরামর্শের জন্য, www.dhses.ny.gov/oem/safety-info/index.cfmএ DHSES এর ওয়েবসাইটে যান।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন